2 8 NOV 1992

আজকের কাগজ

তারিখ 2 8 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৮

05

# কৃষি প্রকৌশল ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন দেয়ার দাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ এস এম এ ফায়েজ এক বিবৃতিতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়ের এবং ইসলামী বিশ্ববিদ্যালয়কে স্বায়ত্তশাসিত না করে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ সংশোধন করার সরকারি উদ্যোগে উদ্বেগ প্রকাশ করেছেন।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ সাঈদ-উর-রহমান স্বাক্ষরিত বিবৃতিতে তিনি বলেন, প্রকৌশল, কৃষি ও ইসলামী বিশ্ববিদ্যালয়কে স্বায়ত্তশাসন প্রদানের দাবি দীর্ঘদিনের। এ দাবির প্রেক্ষিতে উক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্বায়ত্তশাসনের জন্যে একটি খসড়া প্রস্তাব ইতিমধ্যে চূড়ান্ত করা হয়েছে। সেসব দাবি পূরণ না করে 'ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ' সংশোধন করার জন্যে সরকার উদ্যোগ নিচ্ছে।

তিনি বলেন, গত ১৮ নভেম্বর সমিতির সাধারণ সভায় বিশ্ববিদ্যালয় আদেশের উন্নতিকল্পে শিক্ষকদের কাছ থেকে সুনির্দিষ্ট প্রস্তাব আহবান করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। শিক্ষকদের সেই প্রক্রিয়া সম্পূর্ণ হবার পূর্বে সংসদীয় কমিটি তথা সরকারের তরফ থেকে কোনো সংশোধনী চাপিয়ে দিলে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক তা কখনো মেনে নেবে না। খবর প্রেস বিজ্ঞপ্তি।